

“ খ ”

## পরিচিতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত " স্বাস্থ্য ও জন সংখ্যা সেক্টর কর্মসূচী " প্রকল্পের ১৯৯৯-২০০০ সালের হিসাব অডিটের উপর এই সংকলনটি প্রণীত হইয়াছে।

প্রকল্পটির জন্য নির্দিষ্ট কোন হিসাব পদ্ধতি প্রচলিত না থাকায় বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা তাহাদের নিজস্ব পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করে। তবে ১৯৯৬-৯৭ বৎসর হইতে সংস্থাসমূহের নিজস্ব হিসাবের অতিরিক্ত অডিটের মানোন্নয়নের লক্ষ্যে চাহিদা অনুযায়ী নির্দিষ্ট কয়েকটা ছকে প্রকল্পের লেনদেনের তথ্য সংরক্ষণের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। সেই বিষয়ে যথেষ্ট অগ্রগতি সাধিত হইয়াছে।

প্রকল্প ভেদে নিম্নলিখিত হিসাব পদ্ধতি অনুসৃত হইয়া থাকেঃ-

- ১)
  - (ক) প্রচলিত সরকারী হিসাব পদ্ধতি।
  - (খ) স্বায়ত্বশাসিত ও আধা স্বায়ত্বশাসিত সংস্থার নিজস্ব হিসাব পদ্ধতি।
  - (গ) আংশিক পরিবর্তিত গণপূর্ত হিসাব পদ্ধতি।
  - (ঘ) সাধারণ বাণিজ্যিক হিসাব পদ্ধতি এবং
  - (ঙ) প্রত্যেক প্রকল্পে নির্দিষ্ট ছকে তথ্য/হিসাব সংরক্ষণ (অডিটের চাহিদা অনুযায়ী)।
- ২) প্রকল্প সমূহের তহবিলের উৎস নিম্নলিখিতঃ-
  - (ক) বাংলাদেশ সরকার কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী মঞ্জুরীকৃত অর্থ।
  - (খ) বিশ্বব্যাংক, এশিয়া উন্নয়ন ব্যাংক সহ বিভিন্ন বৈদেশিক সাহায্য দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণ, অনুদান এবং সাহায্য বাবদ প্রাপ্ত অর্থ।